

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ  
২৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়:** সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিলের তথ্য যাচাই।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

২। কর আইনের বিদ্যমান বিধান অনুযায়ী ২০১৫-১৬ অর্থ বছরের কোন মাসে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন কর্মচারির মূল বেতন ১৬,০০০/- টাকা বা তার বেশি হলে উক্ত কর্মচারির জন্য ২০১৬-১৭ কর বছরের আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক। ব্যক্তিগ্রেণীর করদাতাদের ২০১৬-১৭ কর বছরের আয়কর রিটার্ন দাখিলের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০১৬।

৩। ২০১৫ সালে ঘোষিত বিভিন্ন চাকরি (বেতন ও ভাতাদি) আদেশে আয়করের আওতাভুক্ত সকল সদস্য/কর্মচারী বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়সহ মোট আয় নিরূপণ ও নিজস্ব আয় হতে আয়কর পরিশোধপূর্বক যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করবেন মর্মে বিধান সন্নিবেশিত রয়েছে।

৪। আইনের যথাযথ পরিপালন ও রাজস্ব আহরণের স্বার্থে বেতন-ভাতাদি পরিশোধের ক্ষেত্রে বিদ্যমান কর আইন ও ২০১৫ সালে ঘোষিত বিভিন্ন চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের আয়কর রিটার্ন দাখিল বিষয়ক বিধানের শর্ত পরিপালিত হয়েছে কিনা সে বিষয় নিশ্চিত হওয়া আবশ্যিক। ২০১৫-১৬ অর্থ বছরের কোন মাসে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন কর্মচারির মূল বেতন ১৬,০০০/- টাকা বা তার বেশি হলে উক্ত কর্মচারির জানুয়ারি' ২০১৭ থেকে জুন' ২০১৭ পর্যন্ত প্রতি মাসের বেতন বিলের সাথে ২০১৬-১৭ কর বছরের আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্রের কপি সংযুক্ত করতে হবে। বর্ণিত কর্মচারির মধ্যে কেউ রিটার্ন দাখিল না করে সময়ের আবেদন করে থাকলে বিলম্বে রিটার্ন দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের অনুমোদিত আবেদনপত্রের কপি বেতন বিলের সাথে সংযুক্ত করতে হবে। বর্ণিত তথ্য সমূহ বেতন বিলের সাথে সংযুক্ত রয়েছে কিনা তা বেতন বিল পাশ/বেতন পরিশোধের ক্ষেত্রে অনুমোদনকারী/পরিশোধকারী ব্যক্তি/কর্তৃপক্ষ পরীক্ষা করে দেখবেন।

৫। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করা যাচ্ছে।

স্বাঃ

রিগ্যান চন্দ্র দে

দ্বিতীয় সচিব (কর আইন-১)

ফোন: ৮৩৯১৬১৪

ই-মেইল: taxpolicynbr@yahoo.com

প্রাপকঃ

হিসাব মহা-নিয়ন্ত্রক

হিসাব মহা-নিয়ন্ত্রকের কার্যালয়


সেক্রেটারিয়েট ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/৩০১ (৫৩)

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ  
২৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, কাকরাইল, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব)।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব)।
- ৩-১০। সকল সদস্য (আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১-৫১। সকল মহাপরিচালক ও কর কমিশনার (আয়কর অনুবিভাগ)।
- ৫২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫৩-৫৪। অফিস কপি/ গার্ড ফাইল কপি।

  
রিগ্যান চন্দ্র দে  
দ্বিতীয় সচিব (কর আইন-১)  
ফোন: ৮৩৯১৬১৪

ই-মেইল: taxpolicynbr@yahoo.com